জেলা পরিষদ
দিনাজপুর
www.zpdinajpur.gov.bd

**মৌসুমী ফল ও তুলার দরপত্র বিজ্ঞপ্তি।**

স্মারক নং-জেপদি/এক-০৯/২০২৪-২৫/১৪৮ তারিখঃ ২৬/০২/২০২৫খ্রিঃ।

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলা পরিষদের মালিকানাধীন মৌসুমি ফল গাছের ফল ও শিমুল গাছের তুলা ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ৩(তিন) বছরের জন্য বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগনের নিকট হতে নিম্নলিখিত শর্ত ও সময়সূচী মোতাবেক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

**দরপত্রের সময়সূচী"**

| বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দাখিলের তারিখ ও সময় | খোলার তারিখ ও সময় | ক্রয় ও দাখিলের স্থান |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০৪/০৩/২০২৫<br>বিকাল ৩.৩০ টা | ০৫/০৩/২০২৫<br>সকাল ০৯.০০টা - দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৫/০৩/২০২৫<br>বিকাল ৩.০০ টা। | জেলা পরিষদ, দিনাজপুর।<br>জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। |
| ১১/০৩/২০২৫<br>বিকাল ৩.৩০ টা | ১২/০৩/২০২৫<br>সকাল ০৯.০০টা - দুপুর ১.০০ টা পর্যন্ত। | ১২/০৩/২০২৫<br>বিকাল ৩.০০ টা । | জেলা পরিষদ, দিনাজপুর।<br>জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। |
| ১৮/০৩/২০২৫<br>বিকাল ৩.৩০ টা | ১৯/০৩/২০২৫<br>সকাল ০৯.০০টা - দুপুর ১.০০ টা পর্যন্ত। | ১৯/০৩/২০২৫<br>বিকাল ৩.০০ টা । | জেলা পরিষদ, দিনাজপুর।<br>জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। |

**শর্তাবলী ঃ**

১। প্রতিটি গ্রুপের সিডিউল নগদ ২০০/-(দুইশত) টাকায় (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

২। দরপত্রের সাথে দরপত্র দাতার ০১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি সংযুক্তসহ, দরপত্র দাখিলের সময় দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) জামানত বি.ডি/পে-অর্ডার আকারে "প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর এর অনুকূলে দাখিল করতে হবে।

৩। দরপত্র গৃহীত হওয়ার তিন কার্যদিবসের মধ্যে দরপত্রের সমুদয় অর্থ, ১০% উৎসকর ও ১৫% ভ্যাট নগদ অথবা চালানের মাধ্যমে জমা করে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন পূর্বক কার্যাদেশ গ্রহন করতে হবে। অন্যথায় বি.ডি/পে-অর্ডার বাজেয়াপ্ত করে পুনরায় দরপত্রের ব্যবস্থা গ্রহন করা হবে।

৪। দরপত্র গ্রহণের পর যদি কোন কারণে মৌসুমী ফল ও তুলার ক্ষতি হয় তৎজন্য এ পরিষদ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৫। নিলামযোগ্য ফল গাছ ও তুলার গাছের বিবরণ অফিস চলাকালীন সময়ে অফিস থেকে জানা যাবে।

৬। দরপত্রের কোন দফায় প্রদত্ত দর কম হলে কর্তৃপক্ষ তা গ্রহণ না করে সরাসরি স্পটে নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহন করতে পারবেন।

৭। দর উল্লেখের ক্ষেত্রে কোন প্রকার অস্পষ্টতা/কাটাকাটি থাকলে দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮। নির্ধারিত তারিখে দাখিলের জন্য বিক্রিত সিডিউল পরবর্তী দফার ক্ষেত্রে পুনঃ ব্যবহার যোগ্য হবে না। ১ম দফার দরপত্রে সন্তোষজনক দর পাওয়া না গেলে একইভাবে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দফায় দরপত্র আহবানের কার্যক্রম চলমান থাকবে।

৯। কোন পর্যায়ের সিডিউল অন্য পর্যায়ে দাখিল করা যাবে না।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষের সিদ্ধান্তই (দরপত্র সংক্রান্ত) চূড়ান্ত বলে গন্য হবে।

সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, দিনাজপুর।

স্মারক নং-জেপদি/এক-০৯/২০২৪-২৫/ তারিখঃ ২৬/০৩/২০২৫খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যাথে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। প্রশাসক, জেলা পরিষদ, দিনাজপুর।
২। প্রধান নিবাহী কর্মকর্তা, জেলাপরিষদ, দিনাজপুর।
৩। পুলিশ সুপার, দিনাজপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্য়ালয়, দিনাজপুর। নির্ধারিত তারিখে টেন্ডার বাক্স স্থাপন, বিক্রিত সিডিউলের অর্থ, অবিক্রিত সিডিউল এবং গ্রহণকৃত দরপত্র নির্ধারিত তারিখে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ও পরিষদে প্রেরনের জন্য অনুরোধ করা হলো ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)........................................ উপজেলা, দিনাজপুর।
৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এল.জি.ই.ডি/গনপূর্ত/পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর।
৭। বিভাগীয় বন কর্মকর্তা, দিনাজপুর।
৮। দারোয়ান-কাম-কেয়ারটেকার, ........................ ডাকবাংলো, দিনাজপুর। তাকে যথাসময়ে ঢোল শহরত করার জন্য বলা হলো।
৯। জনাব/মেসার্স.................................................................................................দিনাজপুর।

সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, দিনাজপুর।